

বাবাম'র সাথে রাজশাহী বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারী সাদেকা তামান্না —ইনকিলাব



আম্মা আব্বার সাথে ঢাকা বোর্ডে বাণিজ্য বিভাগে প্রথম স্থান অধিকারী মোঃ রুহুল আমিন —ইনকিলাব

# সাদেকা তামান্না ডাক্তার হতে চায়

।। স্টাফ রিপোর্টার ।।

সাদেকা তামান্না ডাক্তার হতে চায়। সাদেকা এবার ৯শ' ৭ নম্বর পেয়ে এইচএসসি পরীক্ষায় রাজশাহী বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে।

রাজশাহী সরকারী কলেজের ছাত্রী সাদেকা তামান্না গড়ে প্রতিদিন ৭ ঘন্টা লেখাপড়া করেছে। ৩ ভাই-বোনের মধ্যে ও সবার বড়।

সাদেকার বাবা ডাঃ এ, কে, এম শামসুদ্দীন ঢাকা মেডিক্যাল কলেজ হাসপতাল এবং মা ডাঃ লতিফা শামসুদ্দীন মিটফোর্ড হাসপাতালে কর্মরত।

# রুহুল আমীন বাণিজ্য বিভাগে প্রথম

।। স্টাফ রিপোর্টার ।।

মোহাম্মদ রুহুল আমীন এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাণিজ্য বিভাগে ১টি লেটারসহ ৭শ' ৮৩ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে। ঢাকা সিটি কলেজের ছাত্র রুহুল তার অধ্যক্ষের কাছে প্রথম ফলাফল শুনে আনন্দে কেঁদে ফেলেছিল।

রুহুলের বাবা জনাব মোশতাক আহমদ চৌধুরী গণপূর্ত বিভাগের স্থপতি। তিনি বর্তমানে অবসরপূর্ব ছুটিতে রয়েছেন। ওরা ৫ ভাই ২ বোন। পরীক্ষার ফলাফলে অত্যন্ত আনন্দিত রুহুল জানায়, ওর পরীক্ষা তেমন ভাল হয়নি বলে এত ভাল ফলাফল আশা করেনি। ভবিষ্যতে এম বিএ পড়বে বলে রুহুল জানায়।

# শাতিল

প্রথম পৃষ্ঠার পর

এসএসসিতে সম্মিলিত মেধা তালিকায় আসতে পারেনি। অসীম এবার ৪ বিষয়ে

# পরীক্ষার ফল

প্রথম পৃষ্ঠার পর

এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন ৪৭ হাজার ৫শ' ১ জন। তন্মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন ১ হাজার ৭শ' ৮৭ জন। ২য় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ১৩ হাজার ৫শ' ৮ জন। ৩য় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ১০ হাজার ২শ' ৭১ জন। মোট পাস করেছেন ২৫ হাজার ৫শ' ৬৬ জন। প্যাসের হার শতকরা ৫৪ দশমিক ০৫ জন।

**রাজশাহী বোর্ড**

রাজশাহী বোর্ডের অধীনে এই বছর পরীক্ষায় অংশ নিয়েছিলেন মোট ৫৫ হাজার ৫শ' ১৩ জন। তন্মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন ১ হাজার ৬শ ৬৭ জন।

২য় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ১১ হাজার ৮১ জন। এবং ৩য় বিভাগে উত্তীর্ণ হন ১০ হাজার ১শ' ৫ জন।

মোট, ২২ হাজার ৮শ' ৫৩ জন পাস করেছেন। পাসের হার শতকরা ৪১ দশমিক ১৬।

**যশোর বোর্ড**

এ বছর যশোর বোর্ড থেকে মোট ৫৬ হাজার ৪শ' ৯৪ জন ছাত্র-ছাত্রি এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন। তন্মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন ১ হাজার ৪শ' ৩৩ জন। ২য় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ১৩ হাজার ৫৬ জন। ৩য় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ৯ হাজার ১শ' ৫৫ জন। মোট উত্তীর্ণ হয়েছেন ২৩ হাজার ৬শ' ৪৪ জন। পাসের হার শতকরা ৪১ দশমিক ৮৫।

# একটি অভিজ্ঞতা

প্রথম পৃষ্ঠার পর

সকাল ৮টায় যথাসময়ে ঢাকার কমলাপুর থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে রওয়ানা হয়। ট্রেনটি যখন মেথিকান্দা স্টেশনে আসে তখন হঠাৎ করে ট্রেনের ইঞ্জিন বিকল হয়ে যায়। প্রায় ২ ঘন্টা চেষ্টা করেও অচল ইঞ্জিনকে সচল করা যায়নি। এ সময় যাত্রীদের প্রবল চাপের মুখে ভৈরব থেকে একটি মালগাড়ীর ইঞ্জিন এনে ট্রেনটি পুনরায় চলতে থাকে। ট্রেনটি মন্থর গতিতে চলতে চলতে বেলা পৌণে ১টায় ব্রাহ্মণবাড়ীয়া স্টেশনে পৌছার পূর্বে উক্ত ইঞ্জিনটিতে আগুন ধরে যায়। যাত্রিগণ এ সময় ইঞ্জিনে আগুনের লেলিহান শিখা ও প্রচণ্ড ধোঁয়া দেখে আতঙ্কগ্রস্ত হয়ে পড়ে এবং কতিপয় যাত্রী প্রাণের ভয়ে ট্রেন থেকে নীচে লাফিয়ে পড়েন। ট্রেন থামিয়ে চালক যাত্রী ও আশপাশের স্থানীয় লোকজন নিকটবর্তী খাদ থেকে পানি নিয়ে প্রায় আধা ঘন্টার প্রচেষ্টায় আগুন নিভাতে সক্ষম হয়। ভয় কেটে গেলে যাত্রিগণ ট্রেনে উঠেন। ইতিমধ্যে উক্ত ট্রেনের ৯১৭২ নাম্বার কামরায় গ্যাস লীক করে প্রচণ্ড ধোঁয়ায় সারা কামরা আচ্ছন্ন হয়ে যায়। যাত্রিগণ পুনরায় ট্রেনে আগুন লেগেছে ভেবে ছুটোছুটি শুরু করেন। অনেকে উক্ত কামরার জানালা দিয়ে লাগেজসহ নীচে লাফিয়ে পড়েন। *

# খোন্দকার হামিদ

প্রথম পৃষ্ঠার পর

জানিয়েছেন। তিনি বলেন, সাংবাদিকতার নামে দেশে আজ প্রহসন চলছে— যা আমাদের ব্যথিত করে। খোন্দকার হামিদের আদর্শ সাংবাদিকতার অনুসরণ করা হচ্ছে না বলে তিনি অভিযোগ করেন।

গতকাল (বৃহস্পতিবার) মরহুম খোন্দকার আবদুল হামিদের ৪র্থ মৃত্যুবার্ষিকী উপলক্ষে ইসলামিক ফাউণ্ডেশন আয়োজিত, আলোচনা সভায় তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। প্রবীণ রাজনৈতিক নেতা জনাব আতাউর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বক্তব্য রাখেন জনাব সানাউল্লাহ নূরী, জনাব আখতার-উল-আলম, ডঃ মিজানুর রহমান শেলী ও জনাব অধ্যাপক আবদুল গফুর।

# ঢাকা বোর্ড কৃষি

প্রথম পৃষ্ঠার পর

২। সন্তোষ ৯৬০৪৫ মোঃ আবদুস ছামাদ (কৃশি) ইসলামী বিশ্ববিদ্যালয় টেকনিক্যাল কলেজ টাঙ্গাইল।

৩। ভূএাপুর ৯৬১০৯ মোঃ মোকতেল হোসেন, ইব্রাহিম খাঁ মহাবিদ্যালয়, টাঙ্গাইল।

৪। সন্তোষ ৯৬০৫০ মোঃ ছালাম মিএা (কৃশি) ইসলামী বিশ্ববিদ্যালয়, টেকনিক্যাল কলেজ,, টাঙ্গাইল।

৫। সন্তোষ ৯৬০৪৯ মোঃ মনছের আলী (কৃশি) ইসলামী বিশ্ববিদ্যালয় টেকনিক্যাল কলেজ, টাঙ্গাইল।

# গার্হস্থ্য অর্থনীতি

প্রথম পৃষ্ঠার পর

হচ্ছেঃ ১। ঢাকা ম ৯৮০০২ জাহিদা সুলতানা, গার্হস্থ্য অর্থনীতি মহাবিদ্যালয়, ঢাকা, ২। ম ৯৮০১২ জেসমিন খান, ঐ, ৩। ঢাকা ম ৯৮০৬৪ আইনুন নাহার বেগম, ঐ, ৪। ঢাকা ম ৯৮০০৬ সেলিন বেগম, ঐ, ৫। ঢাকা ম ৯৮০০৮ রুবাইয়াত আজিজ, ঐ, ৬। ঢাকা ম ৯৮০০৫ নুসরাত আহমেদ, ঐ, ৭। ঢাকা ম ৯৮০৭৬ রুহী ফেরদৌস, ঐ, ৮। ঢাকা ম ৯৮১২২ সৈয়দা মাহমুদা হুসনা, ঐ, ৯। ঢাকা ম ৯৮০৬৭ জেসমীন সুলতানা, ঐ, ১০। ঢাকা ম ৯৮০৫৮ সেতারা পারভীন, ঐ।

# রুহি

প্রথম পৃষ্ঠার পর

আবদুল গাফফার একজন আইনজীবী। মা আগে শিক্ষকতা করতেন এখন গৃহিনী। রুহী মাধ্যমিক পর্যায় পর্যন্ত ইংরেজী মাধ্যমে পড়াশোনা করেছে। ও লেভেল কৃতিত্বের সাথে উত্তীর্ণ হবার পর ও হলিক্রস কলেজে বাংলা মাধ্যমে ভর্তি হয়। মাধাম পরিবর্তনে ভাষাগত সমস্যা রুহী সহজেই কাটিয়ে উঠেছে।

রুহী ভবিষ্যতে আইন বিষয়ে পড়তে আগ্রহী। সদালাপী এবং প্রাণোচ্ছল রুহীর সখ বই পড়া। ডি, এইচ, লরেন্স ওর প্রিয় লেখক। জগজিত এবং চিত্রা সিং-এর গজলও ওর প্রিয়। ওর একমাত্র বোন ৯ম শ্রেণীর ছাত্র। রুহী নিয়মিত নামাজ আদায় করে। ঈপ্সিত ফলাফলে রুহী ভীষণ খুশী।

দৈনিক বাংলা
তারিখ 23 OCT 1987
পৃষ্ঠা ১ কলাম ১

৫৮-৫

## ছাত্রীরা ভাল ফল করেছেঃ মেধা তালিকায় শহরের কলেজ

# এইচএসসিঃ ৪ বোর্ডে পাসের হার ৪৭.৪৭%

(স্টাফ রিপোর্টার)

দেশের চারটি শিক্ষা বোর্ডের এবারের এইচএসসি পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে। পাসের গড় হার ৪৭ দশমিক ৪৭।

চারটি বোর্ড থেকে এবার ২ লাখ ৩২ হাজার ৩শ ৯১ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিয়েছিল। এর মধ্যে পাস করেছে ১ লাখ ১০ হাজার ৩শ ৭ জন। অকৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ২২ হাজার ৮৪ জন।

ঢাকা বোর্ডে পাসের গড় হার ৫২ দশমিক ৩৩, কুমিল্লা বোর্ডে ৫৪ দশমিক ০৫, রাজশাহী বোর্ডে ৪১ দশমিক ১৬ এবং যশোর বোর্ডে ৪১ দশমিক ৮৫। কুমিল্লা বোর্ডে পাসের হার সর্বোচ্চ এবং সর্বনিম্ন পাসের হার রাজশাহী বোর্ডের।

৪টি বোর্ড থেকে মোট ৯ হাজার ৪শ ৪৮ জন প্রথম বিভাগে, ৬০ হাজার ৭শ ২৬ জন দ্বিতীয় বিভাগে ও ৪০ হাজার ১শ ৩৩ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

এইচএসসি পরীক্ষায় এ বছর ছাত্রদের চেয়ে ছাত্রীরাই বেশি ভালো ফল করেছে। ৫৬ হাজার ৮৭ জন ছাত্রী পরীক্ষা দিয়েছিল তাদের পাসের গড় হার ৪৮ দশমিক ১৩। অন্যদিকে পরীক্ষার্থী ছাত্রের সংখ্যা ছিল ১ লাখ ৭৬ হাজার ৩শ ৪ জন। তাদের পাসের গড় হার ৪৭ দশমিক ২৫।

ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ১ম স্থান অধিকার করেছে ঢাকা কলেজের আহমেদ শাহাদাৎ উল্লাহ মজুমদার। তার রোল ২৭০৮৩। বিজ্ঞানের ৪টি বিষয়ে

৫-এর পৃঃ দ্রঃ



আহমেদ শাহাদাতউল্লাহ মজুমদার

### চার বোর্ডের মধ্যে সর্বোচ্চ নম্বর শাহাদাতের

(স্টাফ রিপোর্টার)

এবারের এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের শীর্ষস্থানটি জয় করে নিয়েছে আহমেদ শাহাদাৎ উল্লাহ মজুমদার। নম্বরের দিক থেকেও চার বোর্ডের মধ্যে শাহাদাৎ-এর অবস্থান সর্বোচ্চ। চারটি বিষয়ে লেটারসহ মোট ৯৪৯ নম্বর

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)



সাদেকা তামান্না

### তামান্না ডাক্তার হতে চায়

(স্টাফ রিপোর্টার)

সাদেকা তামান্না এবারের এইচএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ডের শীর্ষস্থানটি জয় করে নিয়েছে। রাজশাহী কলেজ থেকে সে চার বিষয়ে লেটারসহ ৯০৭ নম্বর পেয়েছে।

সে চিকিৎসা বিজ্ঞানী হতে চায়।

(৫-এর পৃঃ দ্রঃ)



মোঃ মঞ্জুর মোর্শেদ (বাপী)

### অঙ্ক কষতেই মোর্শেদ আনন্দ পায়

(স্টাফ রিপোর্টার)

কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষায় এবার সম্মিলিত মেধা তালিকার শীর্ষস্থান দখল করেছে মোহাম্মদ মনজুর মোর্শেদ (বাপী)। চট্টগ্রাম কলেজের ছাত্র মনজুর পদার্থ, রসায়ন, জীববিদ্যা ও অংকে লেটারসহ মোট ৮৮৩ নম্বর পেয়েছে। ১৯৮৫ সালের

(৫-এর পৃঃ দ্রঃ)

### চার বোর্ডের মেধা তালিকা


(স্টাফ রিপোর্টার)

চার শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা '৮৭ এর ফলের সম্মিলিত মেধাতালিকার প্রথম ১০ জনের নাম নীচে দেয়া হলোঃ

ঢাকা বোর্ড

প্রথমঃ আহমেদ শাহাদাৎ উল্লাহ, ঢাকা ২৭০৮৩ (চারটি লেটার) ঢাকা কলেজ দ্বিতীয়ঃ

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)



আজমল পারভেজ খান

### খেলাতেও আজমলের বেশ নাম

(স্টাফ রিপোর্টার)

যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র আজমল পারভেজ খান। সে এসএসসিতেও

(৫-এর পৃঃ দ্রঃ)



অসীম শাতিল হক

### শাতিল লেখাপড়া করত চার ঘন্টা

(স্টাফ রিপোর্টার)

অসীম শাতিল হক ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে। এসএসসিতে শাতিল পাঁচটি

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)



জেসমীন রহমান

### জেসমিন কিশোর উপন্যাস লিখেছে

(স্টাফ রিপোর্টার)

শুধু লেখাপড়ায় নয়, লেখালেখিতেও সমান মনোযোগী জেসমীন রহমান। তাই পরীক্ষাতে যেমন মেধা তালিকায় নাম থাকে,

(৫-এর পৃঃ দ্রঃ)

তারিখ 23 OCT 1987
পৃষ্ঠা ... কলাম ...

58-D

# এইচএসসি: ৪ বোর্ডে পাসের হার

(প্রথম প: পর)

লেটারসহ শাহাদাৎ মোট ৯৪১ নম্বর পেয়েছে। এবার ৪ বোর্ডের মধ্যে এই নম্বর সর্বোচ্চ।

কুমিল্লা বোর্ডে প্রথম হয়েছে কুমিল্লা ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র মোহাম্মদ মনজুর মোর্শেদ। তার রোল চট্টগ্রাম ১৪৫৬। মোর্শেদ ৪টি লেটারসহ মোট ৮৮৩ নম্বর পেয়েছে।

রাজশাহী বোর্ডে রাজশাহী কলেজের বিজ্ঞানের ছাত্রী সাদেকা তামান্না ৪টি লেটারসহ ৯০৭ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান করে নিয়েছে। তার রোল রাজ-ম২৭৩।

যশোর বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম নাম ঝিনাইদহ ক্যাডেট কলেজের বিজ্ঞানের ছাত্র আজমল পারভেজ খানের। তার রোল-ঝিনাইদহ ক্যাডেট ৮। সে ৪টি লেটারসহ ৯০৬ নম্বর পেয়েছে।

**ঢাকা বোর্ড**

ঢাকা বোর্ড থেকে এবার ৭৩ হাজার ৮৩ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছিল। পাস করেছে ৩৮ হাজার ২শ ৪৪ জন। পাসের হার ৫২ দশমিক ৩৩।

উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে রয়েছে প্রথম বিভাগে ৪ হাজার ৫শ ৬১ জন, দ্বিতীয় বিভাগে লেটারসহ ৭২১ নম্বর পেয়ে প্রথম হয়েছে। কৃষি বিজ্ঞানে প্রথম স্থান পেয়েছে কুমিল্লা সরকারী কলেজের ছাত্রী জোবেদা বেগম। তার রোল কুম-২ নং ম৪০৪। সে একটি লেটারসহ ৭৫৯ নম্বর পেয়েছে।

**রাজশাহী বোর্ড**

এবার রাজশাহী বোর্ড থেকে ৫৫ হাজার ৫শ ১৩ জন পরীক্ষা দিয়েছিল। এর মধ্যে প্রথম বিভাগে ১ হাজার ৬শ ৬৭ জন দ্বিতীয় বিভাগে ১১ হাজার ৮১ জন ও তৃতীয় বিভাগে ১০ হাজার ১শ ৫ জন নিয়ে মোট ২২ হাজার ৮শ ৫৩ জন পরীক্ষার্থী পাস করেছে। পাসের হার ৪১ দশমিক ১৬।

এই বোর্ডে পাসের হার কলা বিভাগে ৩৭ দশমিক ৬২, বিজ্ঞানে ৪৭ দশমিক ৩৮, বাণিজ্যে ৩৯ দশমিক ১০ এবং কৃষিতে ২৫ দশমিক ৬২। ছাত্রীদের পাসের গড় হার ছাত্রদের চেয়ে বেশি।

সম্মিলিত মেধা তালিকার ২০ জনই এই বোর্ডের বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রী। মেধা তালিকায় প্রাধান্য রাজশাহী কলেজের। প্রথম ও দ্বিতীয় স্থানসহ এই কলেজের ছাত্রছাত্রীরা একক ও যুগ্মভাবে ৯টি স্থান পেয়েছে। এর পরেই রয়েছে রাজশাহী ক্যাডেট কলেজ।

# চার বোর্ডের মেধা তালিকা

(১-এর প: পর)

অসীম শামিম হক ঢাকা ২৭১৯৩ (চারটি লেটার) ঢাকা কলেজ, তৃতীয়: এস এম সিরাজুল মুনির ঢাকা ২৭০৮৬ (চারটি লেটার) ঢাকা কলেজ, চতুর্থ: রেজওয়ানুল কবীর মির্জাপুর ক্যাডেট ১৮৭৩৬ (চারটি লেটার) মির্জাপুর ক্যাডেট কলেজ, পঞ্চম: মোহাম্মদ বদরুল মুনীর সারওয়ার মির্জাপুর ক্যাডেট ১৮৭৩৭ (চারটি লেটার) মির্জাপুর ক্যাডেট কলেজ, ষষ্ঠ: তাসমীন রহমান ঢাকা ম ১৫৩২ (চারটি লেটার), হলিক্রস কলেজ, সপ্তম: মোহাম্মদ সহিদ হোসেন ঢাকা ২৭০৮১ (চারটি লেটার) ঢাকা কলেজ ও এ এন এম কামরুল হাসান ঢাকা ২৭১৫৪ (চারটি লেটার) ঢাকা কলেজ, অষ্টম: শিবলী সাদিক আহমেদ ঢাকা ২৭১১৮ (চারটি লেটার) ঢাকা কলেজ, নবম: ফয়সল আহমেদ মির্জাপুর ক্যাডেট ১৮৭৫৬ (চারটি লেটার) মির্জাপুর ক্যাডেট কলেজ, দশম: লিসা রহমান ঢাকা ম-১৪৯৯ (তিনটি লেটার) হলি ক্রস কলেজ।

**কুমিল্লা বোর্ড**

প্রথম: মোহাম্মদ মনজুর মোর্শেদ চট্ট-১ নং ৪৫৬ (চারটি লেটার) চট্টগ্রাম কলেজ. দ্বিতীয়: মোহাম্মদ আবুল কালাম আজাদ কোটবাড়ি-১ (চারটি লেটার) কুমিল্লা ক্যাডেট কলেজ, তৃতীয়: মাজহারুল ইসলাম ফৌজ-২৯, (চারটি লেটার) ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চতুর্থ: নওশাদ চৌধুরী কুম-১ নং ১২৬ (চারটি লেটার), কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ, পঞ্চম: গোবিন্দ চন্দ্র বণিক চট্ট-১ নং ৪৩৫ (চারটি লেটার) চট্টগ্রাম কলেজ, ষষ্ঠ: মহিউদ্দীন আনওয়ার চট্ট-১ নং ৪২২ (তিনটি লেটার) চট্টগ্রাম কলেজ, সপ্তম: মোহাম্মদ অহসান শামীম কোটবাড়ি নং ১৪ (চারটি লেটার) কুমিল্লা ক্যাডেট কলেজ, অষ্টম: ফাহিরুল কামাল লস্কর কোটবাড়ি নং ৩ (তিনটি লেটার) কুমিল্লা ক্যাডেট কলেজ ও রক্তিম বড়ুয়া চট্ট-১ নং ৪৫৯ (চারটি লেটার) চট্টগ্রাম কলেজ. নবম: মোহাম্মদ মহফুজুল হক, কোটবাড়ি নং ১৭ (চারটি লেটার) কুমিল্লা ক্যাডেট কলেজ. দশম: পার্থজিৎ সিংহ রায় কুম-১ নং ১২০ (চারটি লেটার) কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ।

**রাজশাহী বোর্ড**

প্রথম: সাদেকা তামান্না রাজ-ম ২৭৩ (চারটি লেটার) রাজশাহী কলেজ, দ্বিতীয়: মোহাম্মদ আমানুল হক রাজ-৪৬২, (চারটি লেটার) রাজশাহী কলেজ তৃতীয়: মোহাম্মদ মনিরুজ্জামান রাজ ক্যাডেট-৪ (তিনটি লেটার) রাজশাহী ক্যাডেট কলেজ. চতুর্থ: মোহাম্মদ হাসিবুল হক পাবনা ক্যাডেট-৪৫ (চারটি লেটার) পাবনা ক্যাডেট কলেজ, পঞ্চম: মাহমুদ হোসেন রাজ-৪৪৯ (চারটি লেটার) রাজশাহী কলেজ ষষ্ঠ: মোহাম্মদ মিজানুর রহমান রাজ-৩৫১ (তিনটি লেটার) রাজশাহী কলেজ, সপ্তম: মোহাম্মদ শহীদুল ইসলাম রাজক্যাডেট ৭ (চারটি লেটার), রাজশাহী ক্যাডেট কলেজ, অষ্টম: মোহাম্মদ আসাদুল করিম রাজ-৪৯৮ (চারটি লেটার) রাজশাহী কলেজ. নবম: মোহাম্মদ ছায়ফুল আলম ছিদ্দিকী রাজ-৩২৪ (তিনটি লেটার) রাজশাহী কলেজ ও অনিন্দ্য কুমার নাথ রাজ-৪৪৭ (তিনটি লেটার) রাজশাহী কলেজ. দশম: জিল্বা হোসেন রং ক্যাডেট-৩১ (তিনটি লেটার) রংপুর ক্যাডেট কলেজ ও মুহম্মদ জাহাঙ্গীর কবীর রাজ ক্যাডেট-৯ (চারটি লেটার) রাজশাহী ক্যাডেট কলেজ।

**যশোর বোর্ড**

প্রথম: আজমল পারভেজ খান, ঝিনাইদহ ক্যাডেট ৮ (চারটি লেটার) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, দ্বিতীয়: মসবুর রহমান ঝিনাইদহ ক্যাডেট ৯ (চারটি লেটার) ঝিনাইদহ ক্যাডেট কলেজ. তৃতীয়: আবুল হাছান মুহম্মদ বাশার ঝিনাইদহ-২১ (চারটি লেটার) ঝিনাইদহ ক্যাডেট কলেজ. চতুর্থ: শেখ ইকবাল আহমেদ ঝিনাইদহ ক্যাডেট-৫ (চারটি লেটার) ঝিনাইদহ ক্যাডেট কলেজ. পঞ্চম: শোয়েব মোহাম্মদ আসাদুজ্জামান ঝিনাইদহ ক্যাডেট-৭ (তিনটি লেটার) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ষষ্ঠ: মোহাম্মদ বজলুর রহমান খান ঝিনাইদহ ক্যাডেট-২৮ (চারটি লেটার) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, সপ্তম: আবু আহসান মোহাম্মদ আমিনুল মোহায়মেন ঝিনাইদহ-৫৫ (চারটি লেটার) ঝিনাইদহ সরকারী কে সি কলেজ অষ্টম: সোহেল আহমেদ ঝিনাইদহ ক্যাডেট ৩২ (চারটি লেটার) ঝিনাইদহ ক্যাডেট কলেজ. নবম: বিপদাস কির্তনীয়া দৌলতপুর-২৬৭ (তিনটি লেটার) দৌলতপুর সরকারী বি এল কলেজ খুলনা এবং দশম: এ এইচ এম মাজহারুল ইসলাম দৌলতপুর ২৬৯ (তিনটি লেটার) দৌলতপুর সরকারী বি এল কলেজ খুলনা।

দৈনিক বাংলা

তারিখ ২৩ OCT 1987
পৃষ্ঠা ১ কলাম ১

৫৭-৬



রুহুল আমিন



ফারজানা রহিম

## রুহুল আমিনের শখ অভিনয়ে

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে মোঃ রুহুল আমিন (রুবেল)। ঢাকা সিটি কলেজ থেকে এক বিষয়ে লেটারসহ সে ৭৮৩ নম্বর

(৫-এর পৃঃ দ্রঃ)

## ফারজানা আইনজীবী হতে চায়

(স্টাফ রিপোর্টার)

ফারজানা রহিম আইনজীবী হতে আগ্রহী। আইনজীবী হওয়ার ঝোঁক সম্পর্কে ওর মন্তব্য, পেশা হিসাবে এটিকে স্বাধীন মনে হয়। এছাড়া এ ব্যাপারে ব বার

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## আজমলের বেশ নাম

(১ম পৃঃ পর)

একই কলেজ থেকে সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছিল। সে ভবিষ্যতে বিমান বাহিনীর একজন পাইলট হতে চায়।

আজমল ৯টি লেটারসহ মোট ৯০৬ নম্বর পেয়েছে।

প্রাথমিক বৃত্তি পরীক্ষাতেও সে ঝিনাইদহ সরকারী উচ্চ বালক বিদ্যালয় থেকে বৃত্তি পেয়েছিল।

আজমল দিনরাত ৭/৮ ঘণ্টা পড়াশোনা করে।

আজমলের খেলাধুলাতেও বেশ নাম আছে।

আজমলের বাবা অবদুল মালেক খান ভোলার পিটিআইয়ের সুপারিনটেনডেন্ট এবং তার মা মিসেস রওশন আরা খান একই শিক্ষা প্রতিষ্ঠানের ইনসট্রাক্টর।

## চার বোর্ডের মধ্যে

(১ম পৃঃ পর)

পেয়ে শাহাদৎ এ কৃতিত্ব অর্জন করেছে।

গতকাল সকালে উত্তর কমলাপুরে বাসায় সে জানায়ঃ প্রথম হবো এমন প্রত্যাশাই ছিল।

শাহাদৎ তার পরীক্ষার প্রস্তুতি প্রসঙ্গে বললঃ দৈনিক গড়ে ৭/৮ ঘণ্টা করে পড়েছি। একজন শিক্ষকের বাসায় গিয়ে আরও অনেকের সঙ্গে পদার্থবিদ্যা পড়েছি।

শাহাদৎ-এর হবি খেলা দেখা ও গান শোনা।

ছাত্ররাজনীতি সম্পর্কে শাহাদাৎ-এর মন্তব্যঃ যে ধারায় ছাত্র রাজনীতি চলছে তা কাম্য নয়।

শাহাদাৎ-এর বাবা জনাব হেদায়েতউল্লাহ মজুমদার বাংলাদেশ কৃষি ইনশন কর্পোরেশনের যুগ্ম-সচিব, মা মিসেস আখতার মজুমদার বাংলাদেশ ব্যাংক হাইস্কুলে শিক্ষকতা করেন।

## জেসমিন

(১ম পৃঃ পর)

তেমনি লেখার জন্যে পেয়েছে জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার।

জেসমীন হলিক্রস কলেজ থেকে ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় এবার ছাত্রীদের মধ্যে প্রথম হয়েছে। এসএসসি পরীক্ষার রেজাল্টও ছিল অনুরূপ।

কোন পরীক্ষার জন্যে কখনই জেসমীনের গৃহ শিক্ষক ছিল না। বরং জেসমীন এবার পরীক্ষা শেষে আইএসসির পাঁচজন এবং ক্লাস নাইনের তিনজন ছাত্রকে পড়িয়েছে।

জেসমীন অর্থনীতি নিয়ে উচ্চ শিক্ষা শেষ করে ভবিষ্যতে গবেষণা ও শিক্ষকতা করতে আগ্রহী। সে সেশনজট সমস্যাকে ভয়াবহ মনে হয়।

জেসমীনের লেখা 'ডানা ভাঙা চড়ুই' নামে একটি কিশোর উপন্যাস প্রকাশিত হয়েছে। লেখিকা হিসাবে ওর নাম জেসমীন রহমান শীলা।

## রুহুল আমিন

প্রথম পৃঃ পর

পেয়েছে। রুবেল ভবিষ্যতে এমবিএ পড়তে ইচ্ছুক। সে দৈনিক ৪ ঘণ্টা লেখাপড়া করত। তার শখ অভিনয় করা। প্রিয় খেলা—ফুটবল।